International Labour Organization

BetterWork Bangladesh

IFC International Finance Corporation WORLD BANK GROUP
*Creating Markets, Creating Opportunities*

# করোনাভাইরাস প্রতিরোধে করণীয়

## করোনাভাইরাস কীভাবে ছড়ায়


আক্রান্ত ব্যক্তির হাঁচি, কাশির মাধ্যমে বা তাদের সংস্পর্শে আসলে।



## করোনাভাইরাসের লক্ষণ

- জ্বর (৯৯ ডিগ্রির বেশি)
- শুকনো কাশি
- শ্বাসকষ্ট
- ক্লান্তি
- কারও কারও শরীর ব্যথা, সর্দি এবং সর্দিতে নাক বন্ধ হওয়া, গলা ব্যথা এবং ডায়রিয়া হতে পারে।

## করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রোধে করণীয়



১ ঘন ঘন দুই হাত সাবান ও পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড যাবৎ পরিষ্কার করুন। প্রয়োজনে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে পারেন।



২ যেখানে সেখানে কফ ও থুতু ফেলবেন না। হাত দিয়ে নাক, মুখ ও চোখ স্পর্শ থেকে বিরত থাকুন।

৩ হাঁচি-কাশির সময়ে টিস্যু অথবা কাপড় দিয়ে বা বাহুর ভাঁজে নাক-মুখ ঢেকে ফেলুন। ব্যবহৃত টিস্যু ঢাকনাযুক্ত ময়লার পাত্রে ফেলুন ও হাত পরিষ্কার করুন।



করোনা আক্রান্ত দেশ থেকে আসা অথবা সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে আসার ১৪ দিনের মধ্যে করোনার কোনো লক্ষণ দেখা দিলে




- নাক-মুখ ঢাকার মাস্ক ব্যবহার করুন।
- অন্যদের কাছ থেকে অন্তত তিন ফুট দূরে থাকুন।
- আইইডিসিআর-এর হটলাইনে ফোন করুন।

## বিদেশফেরত বাংলাদেশিদের জন্য করণীয়

### বাড়িতে থাকুন

বিদেশ থেকে আসার পর করোনার কোনো লক্ষণ না থাকলেও ১৪ দিন ঘরের বাইরে যাওয়া থেকে বিরত থাকুন।

### নিজেকে আলাদা রাখুন

বাড়ির অন্যদের কাছ থেকে আলাদা থাকুন। তা সম্ভব না হলে মাস্ক ব্যবহার করুন এবং অন্যদের কাছ থেকে অন্তত ৩ ফুট দূরে থাকুন। আলাদা বিছানা, বিছানার চাদর, বাসনপত্র, তোয়ালে এবং পোশাক ব্যবহার করুন।

### জনসমাগম এড়িয়ে চলুন

জনসমাগম (বাজার, সামাজিক অনুষ্ঠান, ধর্মীয় জমায়েত, খেলাধুলা, সভা, সিনেমা হল, মেলা ইত্যাদ) এবং গণপরিবহন এড়িয়ে চলুন।

করোনার লক্ষণ দেখা দিলে আইইডিসিআর-এর হটলাইনে ফোন করুন

**৩৩৩, ০১৯৪৪৩৩৩২২২ ও স্বাস্থ্য বাতায়ন-১৬২৬৩**